



অ্যাডভোকেট হরওয়ার জান মিয়া

১৯২৬ সালে ১ লা এপ্রিল

ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলার সদরদী গ্রামে

অ্যাডভোকেট হরওয়ারজান মিয়া ভাঙ্গা হাইস্কুল থেকে ম্যাট্রিকুলেশন পাশ করেন।

এরপর [সরকারি রাজেন্দ্র কলেজ](#) থেকে আই.এ, কোলকাতা ইসলামিয়া কলেজ থেকে বি এ, কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম এ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এল এল বি পাশ করার পর ১৯৫১ সালে ফরিদপুর বারে আইন পেশায় যোগদান করেন। কোলকাতা ইসলামিয়া কলেজের বেকার হোস্টেলে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুমমেট ও ক্লাসমেট ছিলেন।

১৯৫৬ সালে ফরিদপুর পৌরসভার ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন এবং ফরিদপুর জেলা বোর্ডের সদস্যপদ লাভ করেন। ১৯৬২ সালে পাকিস্তান জাতীয় পরিষদের সদস্য এবং ১৯৬৪ সালে পূর্ব পাকিস্তান আইন পরিষদের সদস্য নির্বাচিত হন। ফরিদপুর জেলা বারে ১০ থেকে ১২ বার সভাপতি নির্বাচিত হন।

বৃহত্তর ফরিদপুর জেলা মুসলিম লীগের সাধারণ সম্পাদক এবং পাকিস্তান মুসলিম লীগের সদস্য ছিলেন। এছাড়া রাজনৈতিক জীবনে দীর্ঘদিন ফরিদপুর জেলা বিএনপির সভাপতি, ফরিদপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি, ফরিদপুর আইন কলেজের অধ্যক্ষ এবং ফরিদপুর মুসলিম মিশনের সভাপতির দায়িত্ব পালন করেছেন।